REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের অগ্রিম বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় বিনামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৵০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

লোহার

## কড়ি, বরগা,

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্ট, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।


১৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৩ই বৈশাখ বুধবার ১৩৪০ ইংরাজী 26th April 1933 | ৪৮শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।




৩৭ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃত উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন বর্ষাযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্‌।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা






সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১৩ই বৈশাখ বুধবার ১৩৪০ সাল।

## হিন্দু দেবমূর্ত্তি চুরি।

কিরীটেশ্বরী ভারতের ৫২ পীঠের অন্যতম। দেবীর মন্দিরের সংলগ্ন কালভৈরব নামক শিবের একটী প্রস্তরময় মূর্ত্তি সম্প্রতি কাহারা চুরি করিয়া লইয়া গিয়াছে। ফলে স্থানীয় হিন্দুরা বিশেষ ব্যথিত হইয়াছেন।

## আমের অবস্থা।

যে পরিমাণে আম্রের মুকুল হইয়াছিল সে অনুপাতে আম হইলে প্রচুর আম হইত। কিন্তু প্রায় সকল গাছের মুকুলই নষ্ট হইয়া গিয়াছে। যাহা ছিল গত কয়েকদিনের ঝড়ে কিছু কিছু পড়িয়া গিয়াছে, এখনও সমস্ত বৈশাখ মাস বাকী আছে, কাল বৈশাখীর ঝড়ে যে কি হইবে তাহা বলা যায় না।

## কাল বৈশাখী।

কাল বৈশাখী এবার ৪০ সালের প্রথমারম্ভ ১লা বৈশাখ হইতেই রুদ্র মূর্ত্তিতে দেখা দিয়াছে—পূর্ব্ববঙ্গে অনেক স্থান বিধ্বস্ত হইয়াছে। কলিকাতায়ও ঝড় বৃষ্টি মন্দ হয় নাই। কলিকাতাগামী প্রায় সমস্ত ট্রেণগুলিই বহুবিলম্বে শিয়ালদহ পৌছিয়াছিল। রাণাঘাটে ঝড়ে ৫ জন লোক গৃহ চাপা পড়িয়া মারা গিয়াছে বলিয়া প্রকাশ। কলিকাতায় প্রচুর বারিপাত হইয়া ২।৩ ঘণ্টা ট্রাম বাস চলাচল বন্ধ ছিল। নূতন বৎসরের প্রাকৃতিক বিপর্য্যয় লক্ষ্য করিবার বিষয়।

## বঙ্গদেশে লবণ শিল্প।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রশ্নোত্তরে প্রকাশ, ১৯৩২ সনে বাংলায় মোট ১,৫৭,২০,৭৯৯ টাকার লবণ আমদানী হইয়াছিল; তন্মধ্যে শতকরা ২৯ ভাগ বিদেশী লবণ এবং ৭১ ভাগ দেশী ও এডেনের লবণ। অধুনা বাঙ্গালায় লবণ প্রস্তুতের জন্য ছয়টী কোম্পানীকে অনুমতি দেওয়া হইয়াছে, তন্মধ্যে একটী কোম্পানী লবণ প্রস্তুত করিতে আরম্ভ করিয়াছে। এই সকল কোম্পানীর কোনটীই সরকারী সাহায্য পাইতেছে না।

## ব্যবস্থা পরিষদ বন্ধ।

বড়লাট ভারতীয় ব্যবস্থা পরিষদের অধিবেশন অনির্দ্দিষ্ট কালের জন্য বন্ধ করিয়া দিয়াছেন।

## চিনির কলে দুর্ঘটনা।

এলাহাবাদের নিকট বস্তী জিলার ওয়ালটারগঞ্জে চিনির কলে হঠাৎ এঞ্জিন ভাঙ্গিয়া যাওয়ায় উত্তপ্ত রসের কড়া উলটিয়া যায়। ফলে ৬ জন নিহত ও ১৫ জন সাংঘাতিক আহত হইয়াছে। ২ জন এঞ্জিনিয়ারের অবস্থা শঙ্কা জনক।

## সুদৃশ্য ক্যালেণ্ডার।

অন্যান্য বৎসরের ন্যায় এবারও আমরা ৩নং ব্রজদুলাল ষ্ট্রীটস্থ বসাক ফ্যাক্টরীর ক্যালেণ্ডার পাইয়াছি। দুই রঙ্গে ছাপার জন্য ইহা দেখিতে সুন্দর হইয়াছে। অধিকন্তু ইহাতে হিন্দু ধর্ম্মকর্ম্মের যাবতীয় বিষয় সন্নিবেশিত থাকায় গৃহস্থের পক্ষে বিশেষ উপযোগী হইয়াছে।

## সঙ্গীত বিদ্যায় পুরস্কার।

রাজদুলারি মাথুর নামে একটী ৭ বৎসর বয়স্কা বালিকা এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ে সঙ্গীত পরীক্ষায় প্রথম পুরস্কার পাইয়াছে।

## হিন্দী কবি।

শ্রীমতী সুভদ্রা কুমারী চৌহান মধ্য প্রদেশের একজন বিখ্যাত কবি। তিনি হিন্দিভাষায় কবিতা লিখিয়া থাকেন। সম্প্রতি কবিতা রচনা প্রতিযোগিতায় তিনি ৫০০৲ টাকা পুরস্কার পাইয়াছেন। ইনি মধ্য-প্রদেশের প্রথম মহিলা মিউনিসিপ্যাল কমিশনার।

## মহিলা কাউন্সিলার।

শ্রীযুক্তা জ্যোতির্ম্ময়ী গাঙ্গুলী এম, এ, ও কুমুদিনী বসু বি, এ, যথাক্রমে ৪ ও ৯ এর ওয়ার্ড হইতে কলিকাতা কর্পোরেশনের সদস্য মনোনীত হইয়াছেন। শ্রীযুক্তা জ্যোতির্ম্ময় গাঙ্গুলী ১২০৩ এবং শ্রীযুক্তা কুমুদিনী বসু ১৩৭৫ ভোট পাইয়াছেন।

## সাধারণের জ্ঞাতব্য।

যাহারা দেওয়ানী আদালতে মামলা করেন বা করিতে বাধ্য হইতেছেন, তাহাদের জানা উচিত যে এখন আদালতে সমন জারী করিবার সময় সমন জারীর জন্য দরখাস্তের আবশ্যকতা হয় না। আগে আদালতের সাহায্যে সমন জারী করিবার সময় আদালতের নিকট সংখ্যা অনুসারে (অর্থাৎ ৫০৲ টাকার অধিক সংখ্যার মোকদ্দমা হইলে ৷৷০ আনা এবং তন্যূন সংখ্যায় ৵০ আনার দরখাস্ত) কোর্টফি সংযুক্ত দিতে হইত। বর্ত্তমান আইন অনুসারে সমন জারীর জন্য দরখাস্ত দিতে হয় না। সমন দাখিল করিয়া দিলেই আদালত জারী করিয়া থাকেন, অতএব সমন জারী করিবার জন্য দরখাস্তের মূল্য কেহ দাবী করিলে পক্ষেরা তাহা দিবেন না।

## পুরুষবেশে রমণী।

মেদিনীপুরে এক সুন্দরী ষোড়শী কুমারী পুরুষের বেশ ধরিয়া হোমিওপ্যাথিক চিকিৎসা করিত ও ঔষধ বিক্রয় করিত। পুলিশ সন্দেহক্রমে তাহাকে গ্রেপ্তার করিয়া নিজ বাটীতে লইয়া যায় এবং ঝির দ্বারা পরীক্ষা করাইয়া নিঃসন্দেহ হয়। এই পুরুষবেশিনী মহিলা প্রথমতঃ বলে যে তাহার নাম শরচ্চন্দ্র লাহিড়ী বাড়ী রাজসাহী। স্ত্রী বলিয়া প্রমাণিত হওয়ায় পরে বলে যে, সে অতি গরীবের মেয়ে, পিতা মাতা জীবিত নাই, অতি কষ্টে সামান্য লেখা পড়া শিখিয়াছে, গ্রাসাচ্ছাদনের কোন পন্থা নাই বলিয়া আত্মরক্ষার নিমিত্ত ছদ্মবেশে এই ব্যবসায় অবলম্বন করিতে হইয়াছে। উক্ত সহরের কোন কোন যুবকের সহিত তাহার আলাপ পরিচয় আছে বলিয়া প্রকাশ করায়, পুলিশ তাহাদিগকেও গ্রেপ্তার করিয়াছে। এই ছদ্মবেশিনী রমণীকে বর্ত্তমানে হাজতে রাখা হইয়াছে। তাহার সম্বন্ধে আরও অনুসন্ধান চলিতেছে।

## কলিকাতায় কলেরা।

বসন্ত রোগের প্রকোপ একটু শান্ত হইতে না হইতেই কলিকাতায় কলেরা আরম্ভ হইয়াছে। গত সপ্তাহে এই রোগে কলিকাতা সহরে ৫৫ জনের মৃত্যু হইয়াছে। ক্যাম্বেল হাসপাতাল প্রভৃতিতে কলেরার রোগী রাখিবার স্থানাভাব ঘটিয়াছে।

## লোহা হইতে জ্বালানী গ্যাস।

বৈজ্ঞানিক মহলে লোহা হইতে জ্বালানি গ্যাস বাহির করিবার চেষ্টা বেশী হয় নাই। সম্প্রতি একজন বৈজ্ঞানিক লোহা হইতে গ্যাস বাহির করিয়াছেন। যাদের বাঁশ বা কাঠের বাড়ী তাহারা ইচ্ছা করিলে একখানা কাট বা বাঁশ ভাঙ্গিয়া উনানে পুরিয়া ভাত সিদ্ধ করিতে পারে, কিন্তু লোহার ডাণ্ডা দিয়া আগুন জ্বালিয়া খাবার তৈয়ারী হয়না। কিন্তু বৈজ্ঞানিকেরা লোহা হইতে যে গ্যাস বাহির করিয়াছেন তাহা দ্বারা বেশ রান্না করা চলে।

## এরোপ্লেনে নারীর উদ্যম।

কুমারী সুষমা মুখার্জ্জী নাম্নী একটী বাঙ্গালী মহিলা দমদম উড়োজাহাজ কেন্দ্রে এরোপ্লেন চালনা শিক্ষা করিতেছেন; তিনি শীঘ্রই প্রথম শ্রেণীর লাইসেন্স পাইবার জন্য পরীক্ষা দিবেন। অতঃপর তিনি এরোপ্লেনে পৃথিবী পরিভ্রমণে বহির্গত হইতে ইচ্ছা করেন। এই উদ্দেশ্যে মাননীয় মন্ত্রী মিঃ বিজয়প্রসাদ সিংহ রায় এবং শ্রীযুক্ত রবীন্দ্র নাথ ঠাকুর প্রভৃতিকে লইয়া একটী কমিটি গঠিত হইয়াছে। বাঙ্গালী মহিলাদের মধ্যে ইনিই প্রথম এরোপ্লেন চালনাতে পারদর্শিতা লাভ করিয়াছেন। তাঁহার উদ্যম প্রশংসনীয়।

## মরুবক্ষে রেলপথ।

সাহারা মরুভূমির বক্ষের উপর দিয়া একটী ফরাসী রেলওয়ে নির্ম্মাণের জন্য পরিকল্পনা রচনা করিতে গবর্ণমেণ্টকে অনুরোধ করিয়া ফরাসী চেম্বার অব কমার্সের ঔপনিবেশিক কমিটীতে একটি প্রস্তাব গৃহীত হইয়াছে।

## বৃদ্ধ ভারতবাসী।

মধ্যপ্রদেশের লোক গণনার সময়ে একজন দীর্ঘজীবী ব্যক্তির নাম পাওয়া গিয়াছে। ইহার বয়স বর্ত্তমানে ১৫০ বৎসর সেন্সাস সুপারিণ্টেণ্ডেণ্ট ইহার সম্বন্ধে তাঁহার বিবৃতিতে এইরূপ লিখিয়াছেন;—"নাগপুর কেন্দ্রের ভারপ্রাপ্ত সেন্সাস অফিসার স্বয়ং এই ব্যক্তির সম্বন্ধে তদন্ত করিয়াছেন। এই লোকটির বয়স সাধারণের হিসাবে ১৫০ বৎসর। সে দ্বিতীয় মহীশূর যুদ্ধ এবং টিপু সুলতানের পতন দেখিয়াছে। দুইটী ঐতিহাসিক ব্যাপার সন তারিখ ধরিয়া বিচার করিলে তাহার বয়স সম্বন্ধে সন্দেহের কারণ থাকিলেও তাহার বয়স ১৩০ বৎসরের কম কিছুতেই নহে। ১৯১৮ সাল পর্য্যন্ত এই ব্যক্তি একদিনের জন্যও নিদ্রা যায় নাই। মাত্র চেয়ারে বসিয়া একটু বিশ্রাম করিয়া লইত। আমাদের গণনায় এই ব্যক্তিই বর্ত্তমানে ভারতের একমাত্র দীর্ঘজীবী ব্যক্তি।"

## মুসলমানের হিন্দু মন্দিরের ভিত্তি স্থাপন।

মহিশূর রাজ্যের মুসলমান দেওয়ান সার মির্জ্জা ইসমাইল সম্প্রতি বাঙ্গালোরে এক গণপতি মন্দিরের ভিত্তি স্থাপন করিয়াছেন।

### অবৃটিশ কাপড়ের শুল্ক বৃদ্ধি।

—০—

ভারত সরকারের সিদ্ধান্ত।

ভারত সরকার বৃটীশ ছাড়া অন্য দেশ হইতে আমদানী বস্ত্রের শুল্কের পরিমাণ শতকরা ২৫৲ টাকা বাড়াইয়া দিবেন স্থির করিয়াছেন। সত্বর ঐরূপ ব্যবস্থা কার্য্যে পরিণত হইবে। আগামী সেপ্‌টেম্বর মাসে ব্যবস্থা পরিষদে একটী নূতন আইন করিয়া ঐ বিষয়ে শেষ সিদ্ধান্ত করা হইবে; তৎপূর্ব্বে সরকার বিশেষ ব্যবস্থা ঘোষণা করিবেন।

### মৃতের পুনর্জ্জীবন।

—:০:—

শ্মশান হইতে প্রত্যাবর্ত্তন।

৺কাশীধামের গৈঘাট মহল্লায় রামবরণ নামে এক গোয়ালা পুত্র বহুদিন ভুগিয়া হঠাৎ মারা যায়। সকলে তাহাকে শ্মশানে লইয়া যায়, কিন্তু দাহের পূর্ব্বে শবকে স্নান করাইবার কয়েক মিনিট পরে দেখা যায় যে, হাত ও পা নড়িতেছে। ক্রমে রামবরণের চৈতন্য হয়। আত্মীয়গণ তাহাকে গৃহে লইয়া গিয়াছে। শরীর তাহার ক্রমে সুস্থ হইতেছে।


ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সস্তর দরের জন্য
পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।



হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵১৫, ২০০ প্রতি ড্রাম ৶০ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ)

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)



মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

## সোণামুখী তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি ৸০ বার আনা।

## বাতের তৈল

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।
মূল্য ৪ আঃ শিশি ১।৵০ এক টাকা পাঁচ আনা

কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী (বিশ্বাস) কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)






শিশুদিগের কোমল চর্ম্মে
নিরাপদে ব্যবহার
করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মতর আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেণ্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।



## এখন সহজে ও কম খরচে

### পারিবারিক সামান্য রোগ সারে।

— দাদরি —
দাদ সমূলে দূর করে। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। কাপড়ে দাগ লাগে না।
এক কৌটা ৵০ আনা।
মাশুলাদি স্বতন্ত্র।

— দীপিকা —
এই বটিকা সেবনে চোঁয়া ঢেকুর উঠা, পেট ফাঁপা, বুকজ্বালা ও অজীর্ণতা দূর হয়।
এক কৌটা ৵০ আনা।
মাশুলাদি স্বতন্ত্র।

— দরদি —
মালিসে সকল রকম ফিক্ বেদনা ও বাত সারে,
এক শিশি ।৵০ আনা; মাশুলাদি স্বতন্ত্র।

— কল্যাণী —
এই বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য, মাথা ঘোরা ও বুক ধড়্‌ফড়্ করা দূর হয়। ইহা কোষ্ঠ পরিস্কার রাখিয়া বল ও ক্ষুধা বৃদ্ধি করে।
এক কৌটা ।০ আনা;
মাশুলাদি স্বতন্ত্র।

— কৌমুদী —
এই মাজন ব্যবহারে দাঁতের ময়লা কাটে. মুখের দুর্গন্ধ নষ্ট হ'য়ে নিশ্বাসে সুগন্ধ আনে, দাঁত নড়া বন্ধ ও মাড়ি শক্ত হয়।
এক কৌটা ৵০ আনা;
মাশুলাদি স্বতন্ত্র।

— সুভেদী —
সহজে কোষ্ঠ পরিস্কার করে।
এক কৌটা ৵০ আনা;
মাশুলাদি স্বতন্ত্র।

সকল সম্ভ্রান্ত ডাক্তারখানায় বা নীচের ঠিকানায় পাওয়া যায়।

## সি, কে, সেন এণ্ড কোং লিঃ,

২৯, কলুটোলা—কলিকাতা।

